# ওয়ারেন্টি

## নী—তি—মা—লা

**বিসিএস সদস্য প্রতিষ্ঠান থেকে পণ্য ক্রয় করুন**
**সঠিক মূল্য ও ওয়ারেন্টি সেবা নিশ্চিত করুন।**



**বাংলাদেশ কম্পিউটার সমিতি**

**Bangladesh Computer Samity**

**Since : 1987**

# ওয়ারেন্টি
## নীতিমালা

## পটভূমিঃ

বাংলাদেশে কম্পিউটার পণ্য বাজারজাত করার ক্ষেত্রে নানা ধরনের সময়সীমা, নিয়মকানুন ও শর্তাবলী আরোপিত হওয়ার ফলে ওয়ারেন্টি প্রদান ও গ্রহণ উভয়ক্ষেত্রে নানা প্রকারের সমস্যা সৃষ্টি হচ্ছে। বাংলাদেশ কম্পিউটার সমিতি সংশ্লিষ্ট সকলের মতামতের ভিত্তিতে একটি সমন্বিত ওয়ারেন্টি নীতিমালা প্রণয়নের তাগিদ অনুভব করে এবং সকল পর্যায়ের অংশীদারদের মতামতের ভিত্তিতে তাদের গ্রহণযোগ্যতা অনুসারে একটি ওয়ারেন্টি নীতিমালা চূড়ান্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে। বিষয়টি নিয়ে নানা পর্যায়ে অনেকগুলো মতবিনিময় সভা করা হয়েছে এবং সংখ্যাধিক্য অংশীদারদের কাছে নীতিমালাটি গ্রহণীয় বলে সম্মতি পেয়েছে। এই নীতিমালা প্রণয়নের পর বাংলাদেশ কম্পিউটার সমিতির সদস্যদের জন্য এটি অবশ্য পালনীয় একটি নীতিমালা হিসেবে বিবেচিত হবে। বাংলাদেশ কম্পিউটার সমিতি আশা করে সংশ্লিষ্ট অন্যরাও এই নীতিমালাটিকে অনুসরণ করবেন। ব্যক্তিপর্যায়/সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত ইত্যাদি প্রতিষ্ঠানের ক্ষেত্রেও এই নীতিমালা অনুকরণীয় হিসেবে গণ্য হবে।

## পণ্যের ওয়ারেন্টি কি?

ওয়ারেন্টি হল এমন একটি সেবা যা উৎপাদনকারী বা আমদানীকারক এবং ক্রেতা উভয় পক্ষের মধ্যে একটি চুক্তি। এই চুক্তির মাধ্যমে ক্রেতা উৎপাদনকারী বা আমদানীকারকের উপর বিক্রিত পণ্যের মেরামত বা প্রতিস্থাপনের দায়িত্ব বর্তায়। বিক্রয়ের পরবর্তী সময়ে ব্যবহারকারীর পণ্যের যেকোনো ধরনের সমস্যা সমাধানের মাধ্যমে ব্যবহারকারীর সেবা সুনিশ্চিত করা।

## পণ্যের ওয়ারেন্টি সেবা প্রদানের লক্ষ্য

১. ব্যবহারকারীর পণ্যের পরিষেবা সুনিশ্চিতকরণ।
২. পণ্যের বিশ্বস্বতা অর্জন।
৩. পণ্যের গুণগতমান সুনিশ্চিতকরণ।

## ওয়ারেন্টির সময়সীমা

বর্তমানে আইসিটি পণ্যের ক্ষেত্রে ওয়ারেন্টি সময়সীমা সাধারণত ১ থেকে ৩ বছর হয়ে থাকে যা বিভিন্ন পণ্যের ব্র্যান্ডের উপর নির্ভর করে। তবে সাধারণত স্ট্যান্ডার্ড ওয়ারেন্টি ১ বছর দেওয়া হয়। পণ্য বিক্রয়ের সময় বিক্রেতা ওয়ারেন্টি সময়সীমা সেলস ইনভয়েস পেপারে উল্লেখ করে থাকেন এবং ক্রেতা পণ্যের ওয়ারেন্টি সেবা ঐ বিক্রেতার নিকট থেকে পেয়ে থাকেন।

## পণ্যের ওয়ারেন্টির সময়সীমা

উৎপাদনকারী বা আমদানীকারক, পণ্যের ম্যানুফ্যাকচারিং ত্রুটির জন্য ওয়ারেন্টি প্রদানে দায়বদ্ধ। ক্রেতা পণ্য ব্যবহার করতে গিয়ে যদি পণ্যের কোনরূপ ক্ষয়ক্ষতি সাধিত হয় তাহলে পণ্যটির ওয়ারেন্টি প্রযোজ্য হবে না। সাধারণত নিচের চার্ট অনুযায়ী পণ্যের ওয়ারেন্টির সময় সীমা হয়ে থাকে। এছাড়াও কিছু কিছু পণ্যের ওয়ারেন্টির সময়সীমা ব্র্যান্ডের ক্ষেত্রে ভিন্ন ভিন্ন হতে পারে, সেক্ষেত্রে উল্লেখিত চার্ট বিবেচনা করা হবে না।

| পণ্যের নাম | ন্যূনতম ওয়ারেন্টি সময়সীমা |
|---|---|
| মাদারবোর্ড | ২ বছর |
| ল্যাপটপ বা নোটবুক | ১ বছর |
| ডেস্কটপ ব্র্যান্ড পিসি | ১ বছর |
| প্রিন্টার | ১ বছর |
| মনিটর | ৩ বছর |
| হার্ডডিস্ক | ২ বছর |
| প্রসেসর | ১ বছর |
| ইউপিএস | ১ বছর |
| এসএসডি | ১ বছর |
| রাউটার | ১ বছর |
| সিসি ক্যামেরা | ১ বছর |
| এনভিআর/ডিভিআর | ১ বছর |
| স্পিকার | ১ বছর |
| র‍্যাম | ১ বছর |
| গ্রাফিক্স কার্ড | ১ বছর |
| প্রজেক্টর | ১ বছর |
| নেটওয়ার্কিং সুইচ | ১ বছর |
| স্মার্টফোন এবং ট্যাবলেট | ১ বছর |

ওয়ারেন্টির অন্তর্ভুক্ত পণ্য বাজারে প্রচলিত না থাকলে সেক্ষেত্রে একই পণ্যের সিমিলার ভার্সন/ আপডেট ভার্সন ক্রেতাকে গ্রহণ করতে হবে বা সেলস্ রিটার্ন নিতে হবে। এক্ষেত্রে, ক্রেতা সেলস রিটার্ন নিতে বাধ্য থাকবে।

**ওয়ারেন্টি প্রযোজ্য পণ্য ক্ষতিগ্রস্ত হলে
অভিযোগ করার সময় পণ্যের
ক্ষতিগ্রস্ত অংশের ছবি পরিষ্কারভাবে অবশ্যই তুলে রাখতে হবে।**

১. পণ্যের কোন অংশ যদি পুড়ে যায়, ভেঙ্গে যায়, বসে যায়, টেম্পারিং হয়, Printed Circuit Board (PCB)-এর লেয়ার কাটা থাকে, মরিচা পড়ে, বাঁকা হয়ে যায়, ফাঙ্গাস পড়া থাকে, কোন পোর্ট-এ ফাঁটা দাগ ও সংবেদনশীল স্থানে ফাঁটা হওয়ার মতো দাগ পাওয়া যায় সেক্ষেত্রে পণ্যটি ওয়ারেন্টির আওতায় আসবে না।

২. পণ্যের ওয়ারেন্টি স্টিকার বা সিরিয়াল নম্বর উঠে যাওয়া বা অস্পষ্ট অবস্থায় পাওয়া যায়, সেক্ষেত্রে পণ্যটি ওয়ারেন্টির আওতায় আসবে না।

৩. যদি পণ্যের কেসিং এর ভিতরের কোন যন্ত্রাংশের পরিবর্তন এবং সিরিয়াল নম্বরের অমিল পাওয়া যায় সেক্ষেত্রে পণ্যটি ওয়ারেন্টির আওতায় আসবে না।

৪. পণ্যের লক বা হুক ভাঙ্গা অথবা খোলার চেষ্টা হয়েছে, যদি সনাক্ত হয়, সেক্ষেত্রে পণ্যটি ওয়ারেন্টির আওতায় আসবে না।

৫. পণ্যের স্ক্রীনে যদি স্ক্র্যাচ বা দাগ, গভীর বা বেশি পড়া অবস্থায় পাওয়া যায় সেক্ষেত্রে পণ্যটি ওয়ারেন্টির আওতায় আসবে না।

৬. পণ্যের কোন যন্ত্রাংশ যদি পোকা-মাকড়ের কারণে কোনোরূপ ক্ষয়ক্ষতি বা বিনষ্ট অবস্থায় পাওয়া যায় সেক্ষেত্রে পণ্যটি ওয়ারেন্টির আওতায় আসবে না।

৭. পণ্যের স্ক্রীনে কোন গোলাকার বা অর্ধচন্দ্রের অনুরূপ কোন ক্ষত সনাক্ত হলে পণ্যটি ওয়ারেন্টির আওতায় আসবে না।

৮. তরল পদার্থ ব্যবহারের কারণে পণ্যের কোন যন্ত্রাংশে মরিচা ধরে প্যানেলে কোনরূপ ক্ষয়ক্ষতি বা বিনষ্ট হলে পণ্যটি ওয়ারেন্টির আওতায় আসবে না।

৯. ওয়ারেন্টি সেবা গ্রহণ করতে পণ্যের ব্র্যান্ড এর নীতিমালা অনুযায়ী পণ্য ক্রয় রশিদ প্রদান করতে হবে।

১০. রিপ্লেসমেন্ট পণ্যের অপ্রাপ্যতা ক্ষেত্রে গ্রাহককে আপগ্রেড পণ্য অফার করা যেতে পারে, সেক্ষেত্রে গ্রাহককে অতিরিক্ত বা সমন্বয়কৃত অর্থ প্রদান করতে হবে।

১১. ইন্টারন্যাশনাল ওয়ারেন্টি সেবা গ্রহণ করার ক্ষেত্রে, পণ্যের ব্র্যান্ডের নীতিমালা অনুসরণ করতে হবে। সাধারণত সব ব্র্যান্ড, মডেল এবং প্রোডাক্ট এর ক্ষেত্রে ওয়ারেন্টি প্রযোজ্য নয়।

১২. পণ্য গ্রহণের পরবর্তীতে, পরিপূর্ণ diagnosis সম্পন্ন করে Internal Damaged সম্পর্কে গ্রাহককে জানানো হবে, যেহেতু প্রোডাক্ট গ্রহণ করার সময় তাৎক্ষণিক জানানো সম্ভব নয়।

১৩. ঢাকার বাইরে থেকে প্রোডাক্ট পাঠানোর ক্ষেত্রে, ওয়ারেন্টি প্রসেস করার জন্য ট্রান্সপোর্টেশন এর কারণে দেরি হওয়ার বিষয়টি (পণ্য গ্রহণ থেকে ল্যাব পর্যন্ত ) গ্রাহককে মেনে নিতে হবে।

১৪. অননুমোদিত ব্যাক্তি বা প্রতিষ্ঠান দ্বারা মেরামত করা হলে ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।

# বিবিধ নীতিমালা

ওয়ারেন্টি নীতিমালায় ব্যবহৃত কয়েকটি শব্দের বিবরণ এবং এ বিষয়ে অনুসৃতব্য নীতিমালা নিম্নে প্রদান করা হলো

## ১. লাইফ টাইম ওয়ারেন্টি

বাজারে প্রচলিত পণ্য হিসেবে বিবেচিত হওয়ার সময়কাল পর্যন্ত ঐ পণ্যের ওয়ারেন্টি সেবা প্রদানকে লাইফ টাইম ওয়ারেন্টি বুঝাবে। কোনো পণ্যের 'লাইফ টাইম' ওয়ারেন্টির আওতায় ওই পণ্যটি মার্কেটে প্রচলিত পণ্য হলে, ক্রেতা ওয়ারেন্টি সেবা প্রাপ্ত হবে। কোনো পণ্য বাজারে EOL (End of Life) হিসেবে গণ্য হলে অর্থাৎ পণ্যটি যদি অপ্রচলিত হয়ে পড়ে তবে তা আর ওয়ারেন্টির আওতায় আসবে না। পণ্যের নতুন সংস্করণ বাজারে আসলে তা পুরাতন সংস্করণের সাথে ওয়ারেন্টি সেবা পাবে না। উল্লেখ্য, লাইফ টাইম ওয়ারেন্টির ক্ষেত্রে গ্রাহক বা ক্রেতা সর্বোচ্চ ২(দুই) বছর এ সেবা উপভোগ করতে পারবেন।

## ২. সেলস্ রিটার্ণ পলিসি

খুচরা পর্যায়ে 'সেলস্ রিটার্ণ' পলিসি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। বাজারে পণ্য সংকট থাকায় গ্রাহকের ওয়ারেন্টি সেবা দাবী স্বত্বেও বিক্রেতার পক্ষে ওয়ারেন্টি সেবা সময়মত প্রদান করা সম্ভব নাও হতে পারে। এছাড়াও অন্যান্য যেকোনো কারণে ওয়ারেন্টি সেবা প্রদানে বিলম্ব অথবা ব্যর্থ হলে ক্রেতার দাবীর প্রেক্ষিতে বিক্রেতা 'সেলস্ রিটার্ণ' করতে পারবেন। সেলস্ রিটার্ণ এর ক্ষেত্রে, বিক্রয় মূল্যের থেকে প্রতি বছরের জন্য অবচয় হিসেবে ২৫% হারে কর্তন করা হবে। আলোচনা সাপেক্ষে বিক্রেতা ঐ পণ্যের বিক্রয়মূল্যের সমপরিমাণ অর্থ ক্রেতাকে ফেরত প্রদান করবেন।

## ৩. পণ্যের বর্ধিত ওয়ারেন্টি

পরিবেশক কর্তৃক সরবরাহকৃত পণ্য খুচরা পর্যায় বিক্রয়ের ক্ষেত্রে কখনও কখনও বিলম্ব হয়ে থাকে। এক্ষেত্রে খুচরা বিক্রেতা পরিবেশক কর্তৃক নির্ধারিত ওয়ারেন্টিযুক্ত পণ্যের ওয়ারেন্টির সময়সীমা বর্ধিত করার দাবী করতে পারবে। পণ্যের বর্ধিত ওয়ারেন্টির সময়সীমা সর্বনিম্ন ৩০ দিন এবং সর্বোচ্চ ৬০ দিন। পণ্যের বর্ধিত ওয়ারেন্টি পাওয়ার ক্ষেত্রে পণ্য বিক্রয়ের চালান/ রশিদ এর তারিখ অনুসরণ করা হবে। পণ্যের বর্ধিত ওয়ারেন্টি শুধুমাত্র ল্যাপটপ / নোটবুকের জন্য প্রযোজ্য হবে।

## ৪. নতুন পণ্যে ত্রুটি

অনেক সময় পরিবেশক বা সরবরাহকারী থেকে পণ্য গ্রহণের পরে খুচরা বিক্রেতা কোনো কোনো পণ্যে ত্রুটি পেয়ে থাকেন। নতুন পণ্যের ত্রুটির ক্ষেত্রে সরবরাহকারী নিজ নিজ ব্র্যান্ড পলিসি অনুসরণ করবে।

## ৫. পরিবহণ চার্জ

ওয়ারেন্টি পণ্য পরিবহন খরচ বিষয়ক জটিলতা প্রায়ই দেখা যায়। এক্ষেত্রে ওয়ারেন্টি পণ্য যে অঞ্চল বা এলাকা থেকে পাঠানো হয়ে থাকবে ওয়ারেন্টি সেবা প্রদানকারী প্রতিষ্ঠান যদি সেই একই এলাকায় হয়ে থাকে তাহলে বিক্রেতা নিজেই তার পরিবহন খরচ বহন করবে। কম্পিউটারজাত পণ্যে মুনাফা সীমিত হওয়ায়, ওয়ারেন্টি পণ্য যদি বাহিরের অঞ্চল বা এলাকা থেকে পাঠানো হয় সেক্ষেত্রে পণ্যে ও প্রকারভেদে ওয়ারেন্টি সেবা প্রদানকারী প্রতিষ্ঠান যেমন পরিবেশক বা সরবরাকারী ওয়ান ওয়ে কুরিয়ার বিল পরিশোধ করবে।

## যেসব পণ্য ওয়ারেন্টির আওতাভূক্ত নয়

কেসিং, পাওয়ার সাপ্লাই, কী-বোর্ড, মাউস, এডাপ্টার, রিমোট, প্রসেসরের কুলিং ফ্যান ইত্যাদি।




## যেসব কারণে পণ্যের মাদারবোর্ডের ওয়ারেন্টি প্রযোজ্য হবে না


১. মাদারবোর্ডের কোন অংশ যদি পুড়ে যায় কিংবা ভেঙ্গে যায়/টেম্পারিং/ স্ক্র্যাচ অবস্থায় পাওয়া যায় সেক্ষেত্রে বিক্রয়কারী প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।

২. CPU Socket এর Pin বাঁকা থাকলে সেক্ষেত্রে ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।

৩. Printed Circuit Board (PCB) এর লেয়ারে কাটা বা মরিচা ধরলে তা ওয়ারেন্টির আওতায় পড়বে না।








৪. বাঁকা মাদারবোর্ড, Oxidized components, component missing, যেকোনো পোর্ট যেমন: HDMI, LAN, USB, PS/2 port ইত্যাদি ভাঙা বা ক্ষতিগ্রস্ত হলে, মাদারবোর্ডে দাগ থাকলে ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।

৫. Printed Curcit Board (PCB) এর কোনো অংশ টেম্পারিং হলে বা উঠে গেলে এবং ওয়ারেন্টি স্টিকার ছিঁড়ে গেলে বা সিরিয়াল নম্বর উঠে গেলে বা অস্পষ্ট হলে তা ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।

৬. Printed Curcit Board (PCB) এর কোনো অংশে ফাঙ্গাস পাওয়া গেলে তা ওয়ারেন্টির আওতায় পড়বে না।



৭. PCB এর যেকোন IC, Capacitor ফুলে গেলে বা আকৃতি পরিবর্তন হলে উক্ত বোর্ডটি ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।



## যেসব কারণে প্রসেসর এবং কুলিং ফ্যানের ওয়ারেন্টি প্রযোজ্য হবে না


১. কোনো বিশেষ ডিভাইস বা সফ্টওয়্যারজনিত কারণে প্রসেসর কাজ না করলে সেক্ষেত্রে বিক্রয়কারী প্রতিষ্ঠান দায়ী হবে না। যদি সেটি কাজ করানো সম্ভব হয়, তবে ক্রেতাকে অবশ্যই এর জন্য সার্ভিসিং ফি প্রদান করতে হবে।

২. প্রসেসর/ সিপিইউ ওয়ারেন্টির জন্য বিক্রেতার কাছে প্রদান করার সময় ক্রেতাকে অবশ্যই ব্যবহৃত কুলিং ফ্যান সঙ্গে আনতে হবে।

৩. প্রসেসরের কোন অংশ যদি পুড়ে যায় কিংবা ভেঙ্গে যায় অথবা কোন অংশ বসে যায় বা টেম্পারিং অবস্থায় পাওয়া যায় সেক্ষেত্রে বিক্রয়কারী প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।

৪. প্রসেসরের কুলিং ফ্যান ওয়ারেন্টির আওতায় আসবে না। তবে কিছু কিছু ব্র্যান্ডের ক্ষেত্রে কুলিং ফ্যান ওয়ারেন্টির আওতায় আসবে।



## যেসব কারণে হার্ডডিস্ক, এসএসডি এবং বহনযোগ্য হার্ডডিস্কের ওয়ারেন্টি প্রযোজ্য হবে না


১ হার্ডডিস্কের কোনো অংশ যদি পুড়ে যায় কিংবা ভেঙ্গে যায় কিংবা টেম্পারিং অবস্থায় পাওয়া যায় সেক্ষেত্রে বিক্রয়কারী প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।

২. হার্ডডিস্কের Circuit Board বা PCB এর লেয়ার কাটা, মরিচা ধরলে তার জন্য ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।



















৩. হার্ডডিস্কের পাওয়ার পোর্ট, সাটা পোর্ট বা অন্য কোনো পোর্ট-এ ফাঁটা দাগ, ফাঁটা হওয়ার মতো দাগ থাকলে তার জন্য ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।







৪. হার্ডডিস্কের লেভেল, স্টিকার, সিকিউরিটি ট্যাগ যদি উঠে যায় কিংবা টেম্পারিং হয় তাহলে তার জন্য ওয়ারেন্টি প্রযোজ্য হবে না। হার্ডডিস্কের লেভেলের উপর কোনো প্রকার স্টিকার ব্যবহার গ্রহণযোগ্য নয়। কারণ স্টিকার ব্যবহৃত হলে উৎপাদক ওয়ারেন্টি প্রদান করে না।



৫. পোকা মাকড়ের কারণে হার্ডডিস্কের কোনরূপ ক্ষয়ক্ষতি বা বিনষ্ট হলে পণ্যটির জন্য ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।

৬. বহনযোগ্য হার্ডডিস্কের ক্ষেত্রে কেসিং ফাঁটা বা ভাঙ্গা অবস্থায় পাওয়া গেলে পণ্যটির জন্য ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।

৭. বহনযোগ্য হার্ডডিস্কের ক্ষেত্রে কেসিং এবং ভিতরকার হার্ডডিস্কের সিরিয়াল নম্বর অমিল পাওয়া গেলে তার জন্য ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।

৮. বহনযোগ্য হার্ডডিস্কের ক্ষেত্রে Data port ভাঙ্গা অবস্থায় পাওয়া গেলে সেটির জন্য ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।



## যেসব কারণে র‍্যাম এর ওয়ারেন্টি প্রযোজ্য হবে না

১. RAM এর কোনো অংশ যদি পুড়ে যায় কিংবা ভেঙ্গে যায় বা টেম্পারিং অবস্থায় পাওয়া যায় সেক্ষেত্রে বিক্রয়কারী প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।








২. সিরিয়াল স্টিকার যদি অস্পষ্ট বা উঠে যায় সেক্ষেত্রে পণ্যটির ওয়ারেন্টি প্রযোজ্য হবে না







৩. RAM এর নিচের অংশের গোল্ডেন কানেক্টেড লগ উঠে গেলে বা পুড়ে গেলে সেটির জন্য ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।














## যেসব কারণে অপটিক্যাল ড্রাইভারের ওয়ারেন্টি প্রযোজ্য হবে না

১. যদি অপটিক্যাল ড্রাইভ বা ডিভিডি রাইটারের দুপাশের লক বা হুক ভাঙ্গা বা খোলার চেষ্টা হয়েছে তা সনাক্ত হয় সেক্ষেত্রে তার জন্য ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।

২. যদি অপটিক্যাল ড্রাইভ বা ডিভিডি রাইটারের কোনো Screw খোলা হয়েছে মর্মে এমন কিছু সনাক্ত হয় সেক্ষেত্রে সেটির জন্য ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।


৩. যদি অপটিক্যাল ড্রাইভ ভাঙ্গা, পোড়া বা কোনো অংশ বসে যায় বা টেম্পারিং অবস্থায় পাওয়া যায় সেক্ষেত্রে ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।







৪. অপটিক্যাল ড্রাইভে সাটা পোর্ট, পাওয়ার পোর্ট ভাঙ্গা অবস্থায় পাওয়া গেলে তা ওয়ারেন্টির জন্য প্রযোজ্য হবে না।

৫. অপটিক্যাল ড্রাইভ বা ডিভিডি রাইটারের লেজার হেড, ম্যাগনেটিক হেড, ইন্টারনাল ডিভাইস, ডাটা ক্যাবল ফিজিক্যালী খারাপ পাওয়া গেলে সেটির জন্য ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।



৬. অপটিক্যাল ড্রাইভ বা ডিভিডি রাইটারের ট্রে ভাঙ্গা, ট্রে খোলা বা বন্ধ হচ্ছে না, এমন পাওয়া গেলে সেটির জন্য ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।





৭. অপটিক্যাল ড্রাইভ বা ডিভিডি রাইটারের লেবেল বা সিরিয়াল নম্বরে অস্পষ্ট বা ঘষামাজা অথবা টেম্পারিং থাকলে তা ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।







৮. পর্যবেক্ষণ সাপেক্ষে Standard and Branded Disk পড়তে পারলে ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।

৯. অপটিক্যাল ড্রাইভারের অভ্যন্তরে পোকামাকড় দ্বারা কোনরূপ ক্ষতিগ্রস্ত হলে সেটির জন্য ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।

১০. অপটিক্যাল ড্রাইভারের অভ্যন্তরে সিডি বা ডিভিডি ভাঙ্গা পাওয়া গেলে তার জন্য ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।

# যেসব কারণে মনিটরের ওয়ারেন্টি প্রযোজ্য হবে না

১. প্রাথমিকভাবে মনিটরের কোনো অংশ যদি পুড়ে যায় কিংবা ভেঙ্গে যায় /স্ক্রীনে যদি স্ক্র্যাচ বা দাগ বেশি পড়ে/ স্পট পড়লে সেক্ষেত্রে সেটির জন্য ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।




২. ওয়ারেন্টি গ্রহণের পূর্বে মনিটরের বডি খোলা হয়েছে এমন কোনো দাগ/স্পট সনাক্ত হলে সেটির জন্য ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।।

৩. মনিটরের ভিতরের কোনো যন্ত্রাংশ যদি পোকা মাকড়ের কারণে বিশেষ করে টিকটিকি/তেলাপোকা/ইঁদুর দ্বারা যদি সার্কিট পুড়ে যায় কিংবা বিনষ্ট হয় সেক্ষেত্রে ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।








৪. মনিটরের স্ক্রীনে কোনো প্রকার গোলাকার বা অর্ধচন্দ্রের অনুরূপ কোন ক্ষত সনাক্ত হলে সেটির জন্য ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।

৫. মনিটরের পরিচর্যায় তরল পদার্থ ব্যবহারের কারণে স্ক্রীনের অংশে মরিচা ধরে প্যানেলে দাগ/স্পট সনাক্ত হলে তা ওয়ারেন্টির জন্য প্রযোজ্য হবে না।





৬. মনিটরের এডাপ্টার ও ক্যাবল ওয়ারেন্টির আওতায় আসবে না।

৭. তরল পদার্থের ব্যবহারজনিত কারণে মনিটরের মেনুবোর্ড ক্ষতিগ্রস্ত হলে তার জন্য ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।

৮. মনিটরের কোনো অংশ ফাঁটা বা ভাঙ্গা পাওয়া গেলে পণ্যটি ওয়ারেন্টির জন্য প্রযোজ্য হবে না।

৯. মনিটরের লেবেল বা সিরিয়াল নম্বর অস্পষ্ট বা ঘষামাজা অথবা টেম্পারিং থাকলে ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।

১০ স্ক্রিনে ৫ টার কম ডট থাকলে ওয়ারেন্টি প্রযোজ্য নয়।

১১. গোলাকার অথবা অর্ধ গোলাকার দাগ থাকলে ওয়ারেন্টি প্রযোজ্য হবে না। কারণ এই ধরনের দাগ সাধারণত আঘাতজনিত কারণে হয়ে থাকে।

১২. লিকুইড ডেমেজ  হলে ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।

১৩. মনিটরের বক্স এবং স্ট্যান্ড ছাড়া ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।


# যেসব কারণে ল্যাপটপ বা নোটবুকের ওয়ারেন্টি প্রযোজ্য হবে না

১. ল্যাপটপ বা নোটবুকের বডি ভাঙ্গা থাকলে বা টেম্পারিং থাকলে এবং ল্যাপটপের ডিসপ্লে লক ভাঙ্গা বা ফাঁটা অবস্থায় গেলে তার জন্য ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।।





২. ল্যাপটপের মনিটর/ LED এর কোনো ওয়ারেন্টির ক্ষেত্রে মনিটরের ওয়ারেন্টি নীতিমালা অনুসৃত হবে।

৩. ল্যাপটপ বা নোটবুকের কোনো যন্ত্রাংশ মরিচা বা ফাঙ্গাসজনিত কারণে ক্ষতিগ্রস্ত বা বিনষ্ট হলে তার জন্য ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।




৪. ল্যাপটপ বা নোটবুকের সিকিউরিটি স্টিকার উঠানো থাকলে বা Screw খোলা হয়েছে এমন কিছু পাওয়া গেলে সেটির জন্য ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।




৫. ল্যাপটপ বা নোটবুক ব্যবহারের ৩ মাস পর থেকে ব্যাটারী যদি আইডল মোডে ১ ঘণ্টা ব্যাকআপ দেয় তাহলে তার জন্য ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।


৬. ল্যাপটপের এডাপ্টার, পাওয়ার ক্যাবল ভেঙ্গে গেলে বা পুড়ে গেলে উক্ত ডিভাইস সমূহের ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।





৭. ল্যাপটপের কীবোর্ডের কোন key উঠে গেলে বা ভেঙ্গে গেলে উক্ত ডিভাইস সমূহের ক্ষেত্রে ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।

৮. ল্যাপটপের কীবোর্ডে তরল পদার্থের দ্বারা মরিচা বা ফাঙ্গাসজনিত কারণে বিনষ্ট হলে উক্ত ডিভাইসসমূহের ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।









৯. একটি ল্যাপটপ বা নোটবুক একের অধিক ওয়ারেন্টিতে আসতে পারে, কিন্তু কোনোভাবেই নির্দিষ্ট সিরিয়ালের ফুল ইউনিট স্থানান্তরিত পরিবর্তিত হবে না।।


১০. ল্যাপটপ বা নোটবুকের মাদারবোর্ড, হার্ডডিস্ক, অপটিক্যাল ড্রাইভ, RAM এবং অন্যান্য যন্ত্রাংশ ওয়ারেন্টি, উক্ত পণ্যের নীতিমালা অনুযায়ী অনুসৃত হবে।


১১. ল্যাপটপ বা নোটবুকের অভ্যন্তরে উৎপাদক কর্তৃক প্রদত্ত যন্ত্রাংশের পরিবর্তে অন্য যন্ত্রাংশ পাওয়া গেলে ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।


১২. ল্যাপটপের বিভিন্ন Slot, Wi-Fi Network Card এর Antenna interface ভাঙ্গা থাকলে বা টেম্পারিং করা থাকলে এবং Gold Finger ভাঙ্গা থাকলে বা টেম্পারিং থাকলে তার জন্য ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।















## যেসব কারণে ক্লোন পিসি এবং ব্র্যান্ড পিসি এর ওয়ারেন্টি প্রযোজ্য হবে না

১. ক্লোন পিসি এবং ব্র্যান্ড পিসি-এর কেসিং ভাঙ্গা থাকলে সেটির জন্য ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।

২. পোকামাকড় সংক্রমণের কারণে ক্লোন পিসি এবং ব্র্যান্ড পিসি এর যন্ত্রাংশ ক্ষতিগ্রস্ত হলে ওয়ারেন্টি প্রয়োজ্য হবে না।

৩. ক্লোন পিসি এবং ব্র্যান্ড পিসি-এর সিকিউরিটি স্টিকার উঠানো থাকলে বা খোলা হয়েছে মর্মে প্রতীয়মান হলে তার জন্য ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।









৪. ক্লোন পিসি-এর পাওয়ার সাপ্লাই ইউনিটের ওয়ারেন্টি দেয়া হয় না।

৫. ব্র্যান্ড পিসি-এর পাওয়ার সাপ্লাই ইউনিট পুড়ে যায় কিংবা ভেঙ্গে যায় বা টেম্পারিং হয়ে যায় তা ওয়ারেন্টির জন্য প্রযোজ্য হবে না।

৬. ব্র্যান্ড পিসি-এর পাওয়ার সাপ্লাই ইউনিটের সার্কিটবোর্ড ক্ষতিগ্রস্ত হলে তা ওয়ারেন্টির আওতায় আসবে না।










৭. ক্লোন পিসি এবং ব্র্যান্ড পিসি-এর পাওয়ার ক্যাবল, কীবোর্ডের কোন কী উঠে গেলে বা ভেঙ্গে গেলে উক্ত সমূহে ওয়ারেন্টির আওতায় আসবে না।

৮. ক্লোন পিসি এবং ব্র্যান্ড পিসি-এর মনিটরের ওয়ারেন্টির ক্ষেত্রে মনিটরের ওয়ারেন্টি নীতিমালা অনুসৃত হবে।

৯. একটি ক্লোন পিসি এবং ব্র্যান্ড পিসি, একের অধিক বার ওয়ারন্টিতে আসতে পারে কিন্তু কোনভাবেই নির্দিষ্ট সিরিয়ালের ফুল ইউনিট পরিবর্তিত হবে না।

১০. ক্লোন পিসি এবং ব্র্যান্ড পিসি-এর কোন যন্ত্রাংশ মরিচা বা ফাঙ্গাসজনিত কারণে বিনষ্ট হলে ওয়ারেন্টির জন্য প্রযোজ্য হবে না।

১১. ক্লোন পিসি এবং ব্র্যান্ড পিসি-এর মাদারবোর্ড, হার্ডডিস্ক, অপটিক্যাল ড্রাইভ, RAM ও অন্যান্য যন্ত্রাংশ সমূহের ওয়ারেন্টি, উক্ত পণ্যের ব্র্যান্ড নীতিমালা অনুযায়ী ওয়ারেন্টি নীতিমালা অনুযায়ী অনুসৃত হবে।

১২. ক্লোন পিসি এবং ব্র্যান্ড পিসি-এর অভ্যন্তরে উৎপাদক কর্তৃক প্রদত্ত যন্ত্রাংশের পরিবর্তে অন্য যন্ত্রাংশ পাওয়া গেলে সেটি ওয়ারেন্টির জন্য প্রযোজ্য হবে না।

১৩. ক্লোন পিসির যাবতীয় যন্ত্রাংশের ওয়ারেন্টি নিজ নিজ কোম্পানির ব্র্যান্ড অনুযায়ী নীতিমালা অনুসরণ করবে।

## যেসব কারণে ইউপিএস (অনলাইন-অফলাইন), স্ট্যাবিলাইজার এবং হোম ইউপিএস এর ওয়ারেন্টি প্রযোজ্য হবে না

১. ইউপিএস (অনলাইন-অফলাইন), স্ট্যাবিলাইজার এবং হোম ইউপিএস এর মাদারবোর্ড বা ট্রান্সফরমার পুড়ে গেলে তা ওয়ারেন্টির আওতায় আসবে না।

২. ইউপিএস (অনলাইন-অফলাইন), স্ট্যাবিলাইজার এবং হোম ইউপিএস সিকিউরিটি স্টিকার উঠানো থাকলে বা Screw খোলা হয়েছে মর্মে এমন কিছু পাওয়া গেলে তা ওয়ারেন্টির আওতায় আসবে না।

৩. ইউপিএস (অনলাইন-অফলাইন), স্ট্যাবিলাইজার এবং হোম ইউপিএস এর সম্মুখভাগের প্যানেলে এবং মূল বডিতে কোনো প্রকার আঘাতের দাগ বা টেম্পারিং এর চিহ্ন থাকলে তার জন্য ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।


৪. ইউপিএস (অনলাইন-অফলাইন), স্ট্যাবিলাইজার এবং হোম ইউপিএস এর ব্যাটারি swelling, broken, terminal damage এবং broken অবস্থায় পাওয়া গেলে তার জন্য ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।

















৫. জেনারেটরের মাধ্যমে চালিত ইউপিএস (অনলাইন-অফলাইন), স্ট্যাবিলাইজার এবং হোম ইউপিএস এর ব্যাটারী ব্যাকআপজনিত সমস্যার জন্য তা ওয়ারেন্টির আওতায় আসবে না।


৬. ইউপিএস (অনলাইন-অফলাইন), স্ট্যাবিলাইজার এবং হোম ইউপিএস এর ব্যাটারীর আকার পরিবর্তন এবং টেম্পারিং হলে তা ওয়ারেন্টির আওতায় আসবে না।

৭. (অনলাইন-অফলাইন), স্ট্যাবিলাইজার এবং হোম ইউপিএস এ উৎপাদক কর্তৃক প্রদত্ত যন্ত্রাংশ ব্যতীত অন্য কোনো যন্ত্রাংশ পাওয়া গেলে তা ওয়ারেন্টির আওতায় আসবে না।

৮. ইউপিএস (অনলাইন-অফলাইন), স্ট্যাবিলাইজার এবং হোম ইউপিএস ৬ মাস ব্যবহার করার পর ইউপিএসটি যদি সর্বনিম্ন ৫ মিনিট ব্যাক আপ দিলে তা ওয়ারেন্টির জন্য প্রযোজ্য হবে না। যদি ৫ মিনিটের কম ব্যাকআপ দেয় তাহলে ওয়ারেন্টির আওতায় থ াকবে। অন্যদিকে শুধুমাত্র ব্যাটারীর ক্ষেত্রে ৩ মিনিটের কম ব্যাকআপ দিলে তা ওয়ারেন্টির আওতায় আসবে।


## যেসব কারণে প্রিন্টার/স্ক্যানার এর ওয়ারেন্টি প্রযোজ্য হবে না


১. পোকামাকড়ে সংক্রমণ বা সরিসৃপ কর্তৃক সৃষ্ট কারণে বা প্রিন্টার/ স্ক্যানারের সার্কিট বোর্ড ক্ষতিগ্রস্থ হলে তা ওয়ারেন্টির জন্য প্রযোজ্য হবে না।





২. প্রিন্টার/ স্ক্যানারের ট্রে এবং বডিতে বা গাসভেঙ্গে গেলে কোনো প্রকার দাগ বা টেম্পারিং এর চিহ্ন থাকলে তার জন্য ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।



৩. প্রিন্টার/ স্ক্যানারের সিকিউরিটি স্টিকার উঠানো থাকলে বা লক খোলা হয়েছে মর্মে এমন কিছু পাওয়া গেলে তা ওয়ারেন্টির আওতায় আসবে না।







৪. প্রিন্টার/ স্ক্যানারের ইউএসবি পোর্ট নড়াচড়া বা ভেঙ্গে গেলে এবং পাওয়ার পোর্ট যদি পুড়ে যায় তাহলে তা ওয়ারেন্টির আওতায় আসবে না।

৫. অরিজিনাল টোনার, কার্ট্রিজ, রিবন, প্রিন্ট হেড ব্যবহার না করা হলে প্রিন্টারটি ওয়ারেন্টির আওতায় আসবে না এবং ইঙ্ক স্প্রেড, প্রিন্ট হেড, হেড ক্যাবল পুড়ে গেলে প্রিন্টারটি ওয়ারেন্টির আওতায় আসবে না































৬. প্রিন্টারের টোনার, টেফলন পেপার,পাওয়ার ক্যাবল, ইউএসবি ক্যাবল ওয়ারেন্টির আওতায় আসবে না।


৭. প্রিন্টারের ITB damage পাওয়া গেলে তা ওয়ারেন্টির আওতায় আসবে না।



৮. প্রিন্টারে Duplicate / Refilled INK- কাট্রিজ পাওয়া গেলে তা ওয়ারেন্টির আওতায় আসবে না।




৯. প্রিন্টারের Drum Scratched, Fuser melted / Scratched পাওয়া গেলে তা ওয়ারেন্টির আওতায় আসবে না।



১০ প্রিন্টার/টোনার / কার্টিজ এর যেকোনো অংশ পুড়ে গেলে বা ভেঙে গেলে কিংবা টেম্পারিং অবস্থায় পাওয়া গেলে তার জন্য ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।

১১ প্রিন্টারের কালি পড়ে প্রিন্টারের কোনো অংশ ক্ষতিগ্রস্থ হলে তা ওয়ারেন্টির আওতায় আসবে না।

# যেসব কারণে ইউএসবি ড্রাইভ এর ওয়ারেন্টি প্রযোজ্য হবে না


১. ইউএসবি ড্রাইভের পোর্ট যদি নড়াচড়া করে অথবা ভেঙ্গে যায় সেক্ষেত্রে বিক্রয়কারী প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।










২. ইউএসবি ড্রাইভের অভ্যন্তরে পোকামাকড়ের কারণে সার্কিট ক্ষতিগ্রস্থ হলে তার জন্য ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।








৩. ইউএসবি ড্রাইভের অভ্যন্তরে উৎপাদক কর্তৃক প্রদত্ত যন্ত্রাংশের পরিবর্তে অন্য কোনো যন্ত্রাংশ পাওয়া গেলে সেটি ওয়ারেন্টি যোগ্য হবে না।

৪. ইউএসবি ড্রাইভের উপরের ব্র্যান্ডে নাম/ স্টিকার এবং ধারণক্ষমতা লেখা যদি মুছে যায় তাহলে তার জন্য ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।

৫. ইউএসবি ড্রাইভের উপরের মরিচা বা ফাঙ্গাস পাওয়া গেলে তার জন্য ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।








CRACK
DAMAGE
CRACK

# যেসব কারণে গ্রাফিক্স কার্ড এর ওয়ারেন্টি প্রযোজ্য হবে না

১. গ্রাফিক্স কার্ড এর কোন আইসি, ট্রানজিস্টর বা ক্যাপাসিটর ফুলে গেলে বা আকৃতির পরিবর্তন হলে তার জন্য ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।

২. গ্রাফিক্স কার্ডের কোনো অংশ যদি পুড়ে যায় কিংবা ভেঙ্গে যায় অথবা টেম্পারিং হয়ে যায় সেক্ষেত্রে বিক্রয়কারী প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।






৩. সিরিয়াল স্টিকার যদি অস্পষ্ট থাকে বা উঠে যায় এবং স্টিকার টেম্পারিং হয়ে যায় তবে তার জন্য ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।




৪. পোকামাকড় বা সরীসৃপজনিত কারণে গ্রাফিক্স কার্ডটি ক্ষতিগ্রস্থ হলে তা ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।

৫. গ্রাফিক্স কার্ডের কোন যন্ত্রাংশে মরিচা বা ফাঙ্গাস পাওয়া গেলে তার জন্য ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।














## যেসব কারণে প্রজেক্টর এর ওয়ারেন্টি প্রযোজ্য হবে না

১. প্রজেক্টরের Lamp Broken থাকলে ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।




২. ওয়ারেন্টি গ্রহণের পূর্বে প্রজেক্টরের বডি খোলা হয়েছে মর্মে এমন কোনো দাগ বা স্পট সনাক্ত হলে তার জন্য ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।



৩. প্রজেক্টরের ভিতরের কোনো যন্ত্রাংশ পোকামাকড়ের কারণে কোনো ক্ষত সনাক্ত হলে তা ওয়ারেন্টির আওতায় আসবে না।




৪. প্রজেক্টরের এডাপ্টার এবং ক্যাবল ওয়ারেন্টির আওতায় আসবে না।

৫. তরল পদার্থের ব্যবহারজনিত কারণে প্রজেক্টরের সার্কিটবোর্ড ক্ষতিগ্রস্থ হলে তা ওয়ারেন্টির আওতায় আসবে না।

৬. প্রজেক্টরের কোনো অংশ ফাঁটা বা ভাঙ্গা পাওয়া গেলে তা ওয়ারেন্টির আওতায় আসবে না।







# যেসব কারণে স্মার্টফোন এবং ট্যাবলেট ডিভাইস এর ওয়ারেন্টি প্রযোজ্য হবে না

১. স্মার্ট ফোন এবং ট্যাবলেট ডিভাইসের মাদারবোর্ডের কোনো অংশ যদি পুড়ে যায় কিংবা ভেঙ্গে যায়, টেম্পারিং অবস্থায় পাওয়া যায়। সেক্ষেত্রে বিক্রয়কারী প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।

২. Printed Circuit Board (PCB) এর লেয়ার কাটা বা মরিচা ধরলে তার জন্য ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।



৩. স্মার্ট ফোন এবং ট্যাবলেট ডিভাইসের battery connector, USB port, ব্যাটারী লিকেজ হয়ে গেলে/ ভাঙ্গা বা টেম্পারিং অবস্থায় পাওয়া গেলে তার জন্য ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।




৪. স্মার্ট ফোন এবং ট্যাবলেট ডিভাইসের Screen, LED display ভাঙ্গা অবস্থায় পাওয়া গেলে তার জন্য ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।




৫. স্মার্ট ফোন এবং ট্যাবলেট ডিভাইসের Charger এবং USB Cable এর ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।

## যেসব কারণে স্পিকার ডিভাইস এর ওয়ারেন্টি প্রযোজ্য হবে না


১. স্পিকার ডিভাইসের মাদারবোর্ডের কোনো অংশ যদি পুড়ে যায় কিংবা ভেঙ্গে যায় কিংবা টেম্পারিং অবস্থায় পাওয়া যায় সেক্ষেত্রে বিক্রয়কারী প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।

২. স্পিকার ডিভাইসের Printed Circuit Board (PCB) এর লেয়ার কাটা বা মরিচা ধরলে তা ওয়ারেন্টির জন্য প্রযোজ্য হবে না।







৩. স্পিকার ডিভাইস ভাঙ্গা অবস্থায় পাওয়া গেলে তার জন্য ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।

৪. স্পিকার ডিভাইসের Screw missing অবস্থায় পাওয়া তার জন্য ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।









## যেসব কারণে স্পিকার ডিভাইস এর ওয়ারেন্টি প্রযোজ্য হবে না


১. রাউটার এবং সুইচ ডিভাইসের মাদারবোর্ডের কোনো অংশ যদি পুড়ে যায় কিংবা ভেঙ্গে যায়, টেম্পারিং অবস্থায় পাওয়া যায় সেক্ষেত্রে বিক্রয়কারী প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।

২. রাউটার ডিভাইসের Printed Circuit Board (PCB) এর লেয়ার কাটা বা মরিচা ধরলে তার জন্য ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।









৩. রাউটার এবং সুইচ ডিভাইস ভাঙ্গা অবস্থায় পাওয়া গেলে তার জন্য ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।


৪. রাউটার এবং সুইচ ডিভাইসের Screw missing এবং Casing খোলা হয়েছে মর্মে কিছু পাওয়া গেলে তার জন্য ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।






## যেসব কারণে সিসি ক্যামেরা, এনভিআর, ডিভিআর এবং আইপি ফোন ডিভাইস এর ওয়ারেন্টি প্রযোজ্য হবে না

১. সিসি ক্যামেরা, NVR এবং DVR, IP Phone এর যেকোনো অংশ পুড়ে গেলে, ভেঙে গেলে এবং টেম্পারিং অবস্থায় পাওয়া গেলে তার জন্য ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।





২. সিসি ক্যামেরা, NVR এবং DVR এর কানেক্টর, ক্যাবল পুড়ে গেলে বা কোনো কারণে ক্ষতিগ্রস্থ হলে তার জন্য ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।





৩. প্রোডাক্টের স্টিকার মুছে গেলে, উঠে গেলে কিংবা টেম্পারিং থাকলে তার জন্য ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।








৪. কোনো তরল পদার্থ দ্বারা ক্ষতিগ্রস্থ হলে তার জন্য ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।

৫. IP Phone ডিসপ্লে liquid damaged অথবা ভাঙা থাকলে তার জন্য ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।

৬. সিসি ক্যামেরা, NVR এবং DVR, IP Phone এর মেইন বোর্ড liquid damage, ফাঙ্গাস, ভাঙা থাকলে, পুড়ে গেলে তার জন্য ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।

৭. কোনো পার্ট মিসিং, Screw মিসিং থাকলে এবং অননুমোদিত ব্যাক্তি বা প্রতিষ্ঠান দ্বারা মেরামত করলে তার জন্য ওয়ারেন্টি প্রযোজ্য হবে না।

বাংলাদেশ কম্পিউটার সমিতি

Bangladesh Computer Samity

Since : 1987

বাড়ি # ৩৩/বি, সড়ক # ০৪, ধানমন্ডি, ঢাকা-১২০৫, বাংলাদেশ।
ফোন : ৮৮০-২-৯৬৭১৩৪২, ৯৬৭১৩৫০, ফ্যাক্স : : ৮৮০-২-৯৬৭১৩৫০
ইমেইল : samity@bcs.org.bd ওয়েব : www.bcs.org.bd